মিধ্যা, বাজে কথা খবরের কাগজে ছেপে লোককে পাগল করছেন এবং ভাবছেন যে লোকদের পাগল করে 
নিজেবা গাণী দখল কববেন। কিছ্ক এই পাগলবা একদিন বুঝবে যে কে তাদের পাগল করেছে। আমার মনে 
হয়্ম সে দিন আর বেশী দবে নেই।

আজকে খাদ্যের জন্য গভর্ণমেণ্ট কি করছেন, সেটা ভাল করে সকলের বোঝা উচিত। কত খাদ্য বাইরে থেকে আসছে আপনারা সকলেই জানেন। স্ক্রাং সন্ত্য কথা বর্লেই ত হয়। সকলেই ১০-১৫ টাকা মণ্ দবে চাল পাচেছন এবং তাব এক মাত্র কারণ, rationing ব্যবহা চালু আছে বলে। এটা যে একটা স্কলর ব্যবহা সে কথা কেউ বলছেন না। আপনারা সত্যিকার একবার বুকে হাত দিয়ে বলুন ত বাংলা দেশের, মধ্যে দুভিক্ষ কি এত দলাদলি করলে খুচবে? বাইবে থেকে খালি খাদ্য আনলেই কি সন হবে? খাদ্য distribution করবার জন্য যা করা দরকার সোটা আপনাব। পুত্যেকে করুন। তা না করে আপনারা খালি চেটা করছেন যে দেশে খাদ্যশস্য যাতে উৎপনু হতে না পারে এবং গ্রামের চাম্বী, মদুরদের চাকরী দেব বলে ভুলিয়ে সহরে নিয়ে আসহছেন, যাতে তারা এখানে এসে গত্র্গমেণ্টের কাছে বলে, "আমাদের পেতে দাও।" এই ভাবে তাঁরা গাদী দুখল করবার চেটা করছেন।

এখানে একটা গলপ বলে আমার বন্ধবা শেষ করছি। কোন একটা নদীর পশ্চিম পাড়ে এক সাধু ছিল। সেই সাধু প্রতিদিন সকাল বেলায় উঠে স্নান করে স্পত্তপ করতেন। একদিন সে দেরী করে ওঠার তাড়াতাড়ি নদীতে স্নান করছিল। এমন সময় সে দেখন নদীর পূর্বে পাড়ে আর একটি সাধু, সেও ধুব তাড়াতাড়ি স্নান করছিল। এই সাধুটি তথন ভাবন যে ঐ অপর পাড়ের সাধুটি ধুব বাহিন্দ, এবং বাবাহর আমার যত দেরীতে ওঠার ধুব ভাড়াতাড়ি সান করছে, জ্পতপ করবার জন্য। কিছ ঐ ওপাড়ের সাধুটি ছিল একজন বন্ধ বড় ভাকাত এবং এই ভাকাতিই তার ব্যবসা ছিল। সে সারা রাত জেগে ভাকাতি ক'রে এখন সকাল বেলায় সাধু সেক্তে সান করছে আর মনে মনে টাকা গুণছে। সে ভাবল ঐ পশ্চিম পাড়ের সাধুটিও আরার মত একজন মন্ত বড় ভাকাত। বেটা সারা রাত্রি চুরি করে, এখন সাধু সেজে ভাড়াতাড়ি সান করছে, আর মনে মনে টাকা গুণছে। কাজেই এবানে দেখা যাচেছ যে চোর, সে অন্যকেও চোর ভাবছেঁ এবং যে সাধু, সে অন্যকে সাধু ভাবছে। কাজেই এবন চিন্তা করে দেখা উচিত যে এবানে কে এবং কত সাধু আছে। বোধহম, ওঁরাও ওপারের সাধুর মত ভাবছেন যে আনাদের গভর্ণমেণ্ট চোর। ওঁনারা যদি এপারের সাধুর মত চিন্তা করতেন তা হ'লে কি করে খাদ্য বাড়ান যায় সে সম্বন্ধে চিন্তা করে কথা বলতেন। আমরা গভর্ণমেণ্ট ৪ideএ রয়েছি বলেই যে আমরা ওঁদের বন্ধু নম, এবং ওঁনারা ভাবছেন যে আমরা অন্ধের মত Governmentকে support করব কিন্ধ, তা নম। স্থতরাং চাম্ববারুর যে পুন্তাব তা ঠিক কার্য্যকরী নম। এই পুন্তাবটা আনবার আগে তার একটু চিন্তা করা উচিত ছিল।

(Here the red light was lit.)

(Sj. SIBNATH BANERJEE: আপনার লালবাতি জলল।) আপনাদের আগেই জলেছে।

8j. NISHAPATI MAJHI: মাননীয় স্পীকার মহাশয়, সরবরাহ বিভাগের প্রাপ্তণন মন্ত্রী শুদ্ধেয় চাক্ষচক্র ভাগুরী মহাশ্য় যে প্রন্তর বাদ্য বিষয়ে এবানে উপস্থিত করেছেন, তার মূল বিষয়টী হচেছ্ এই যে ২৫১ টাকার বেশী চালের দর এই পশ্চিমবঙ্গের যেখানেই আছে এবং যেখানেই খাদ্য মূল্য ক্রত বৃদ্ধি পাচেছ্ সেই সব স্থানে পূর্ণ খাদ্য রেশন পুবর্ত্তন করা হোক। তাঁর এই পুস্তার আন্ত সত্তাই অনেকের কাছে চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। অনেকেই ভাববেন যে যেখানে বাদ্যের এইরূপ গুরুতর পরিস্থিতি সেধানে কেন এই পুন্তার গাতর্পনেণ্ট সমর্থন করছেন না। এর উত্তরে বিনীতভাবে শুীযুক্ত ভাগুরী মহাশ্যের কাছে বোধ হয় এই নিবেদনটা করতে পারি যে এখন পশ্চিমবঙ্গে যত জিলা আছে ভাতে ১ কোটি ৭০ লক্ষ্ণ মণ্ডের কাছে চাল এবং গমজাত দ্রব্য উৎপনু হয়। যদি এই পরিকল্পনার আভাষ অনুযায়ী ১১টী মহকুষায় পূর্ণ মান্রায় খাদ্য রেশন দিতে হয় পশ্চিমবঙ্গ প্রদেশে আরো যে ৫৩ লক্ষ্ণ লোক বেড়েছে ভানের শুদ্ধ, তবে কম্ম পে কম্ম ৪ কোটি ৭০ লক্ষ্ণ মণ্ডাধান্যর দর্কার।

ষিতীয় পুশু, এখানে বিচার্য্য বিষয়,—যে গভর্ণমেণ্ট আজ ২ কোটি ৭০ লক্ষ মণ খাদ্য এই পুদেশ এবং বাইবে থেকে সংগ্রহ করে কোন রকমে খাদ্য rationing টিকিয়ে বেখেছেন, আজ সেই গভর্ণমেণ্ট কি পুকারে ৪ কোটি ৭০ লক্ষ মণ খাদ্য সংগ্রহ করতে পারবেন—এবিষয়ে যদি পরামর্শ দিয়ে কথা বলতেন নিশ্চয়ই আমবা তা' সাদরে মেনে নিতান, কিন্তু সে বিষয়ে তিনি কোন পরামর্শ দেন নাই। কেবল তিনি একটা উদাহরণ দিয়েছেন যে স্ক্লরবন অঞ্চলে জোৎদাবদের অনেকের ধবে অনেক চাল আছে। স্ক্লরবন অঞ্চলের কোন কোন কোক কচুর শাক থেয়ে আছে।

পরীব এবং দরিদ্র মধ্যবিত্ত পবিবাবেব যাঁরা, যাঁদেব ক্রমণজি অলপ, তাঁদের এই খাদ্য মূল্য বৃদ্ধির জন্য সত্যই একটু বেদনাদায়ক অবস্থা হয়েছে একথা আজ অস্বীকাব কববাব উপায় নেই। আর যাঁবা পূর্ববঙ্গ হতে এসে আমাদের পশ্চিমবঙ্গে আণুয নিয়েছেন—হয়ত তাঁদের এক একটা familyতে ১০৷১২ জন লোক আছে, তাব মধ্যে মাত্র ২৷৪ জন হয়ত তিন দিনে ১৷০ কি ১৷৷০ টাকা মজুরি পান, সে পবিবাবের পক্ষে ৩৷৪ সের চাল কেনঝুর উপায় নাই। আজকে সেইজন্যও এই সব আণুয়প্রাধীব দিকে তাকিয়ে খাদ্য বিতরণের আংশিক ব্যবস্থা করতে গভর্ণমেণ্ট বাধ্য হয়েছেন। উত্তর বাংলার এবং পশ্চিম বাংলার কোন কোন আরুলে আর কলকাতা শহরে বেশন ব্যবস্থা গভর্ণমেণ্টকে বজার রাধতে হচেছ।

বছুবর শিবনাথ বাবু বলেছেন এই খাদ্য বিষয়ে আলোচনা করা অবান্তর। কেন না গভর্ণমেণ্ট ত বোঘণাই করেছেন ২৫১ চাকার বেশী যেখানে খাদ্য মূল্য হবে—সেখানেই চাল দেওয়া হবে। এর উন্তরে বলছি যাদের ক্রমাণজ্জি অলপ, যাদের কথা উপরে উল্লেখ করেছি, তাদেব আমরা ভাগ করেছি A এবং B classa। জেলার জেলার District Magistratoরা নিজের নিজের Officer দিয়ে এক একটা তালিকা করান, সেই তালিকা অনুসারে নির্মুদ্ধের খাদ্য দিয়ে এদেশের খাদ্যের জটিল অবস্থার থীরে থীরে স্বাধান করা হচেছ। আজ এই বিষয়টা খুব পাতীরভাবে সকলেরই বিবেচনা করা দরকার—এই হচেছ আমার ব্যক্তিগত বত। "পুবাদী" পত্রিকার একটা সংবাদ বেরিরেছিল তার শেষ অংশে বেধা হরেছে পশ্চিম বাংলার খাদ্য সবস্যা এবন অবস্থার এনে পড়েছে

ৰে সকল দলের সন্মিলিত চেটা ছাড়া এর সৰাবান স্থ্যুপরাহত। আবার ব্যক্তিগত বতও ভাই। গুতোকের নিজের অন্তরকে আজ পূশ করা উচিত-খাদ্য সরস্যাকে রাজনীতির বাইরে রেখে, কে আমরা কভকখানি খাদ্য উৎপাদনের দিকে এবং সংগ্রহেব দিকে অগুসর হতে পারি। শুদ্ধের গুপ্ত মহাশয়প্ত এই কথাই বলেছেন। আপনারা বোধহয় জানেন মাঝে মাঝে আমাদের খাদ্য ভাণ্ডারের অবস্থা এমন জটিল হয় যে আমাদের ছ টে যেতে হয় যেখানে দেশে খাদ্য আছে। কিন্তু এ সম্পর্কে আমি দংখের সঙ্গে বলব আপনার। এখানে খাদ্য সম্বন্ধে আলোচনা করুন, क्खि त्रिको कत्रत्वन जामात्मत्र शामा मःशुटक वाथा मिरम नम। धनन किक् कता कैठिक करव ना यारक शामा मःशुक না হতে পারে। আমাদের খাদ্য বিভাগের অনেক Officerএর সম্পর্কে এমন ঘটনা ঘটেছে যা নাকি বলবার নয়। আমার কথা হচেছ আমরা পেশকে এমনভাবে গড়তে চাই না যাতে লোক অনাহারে থাকে। আমরা দেশকে শেইভাবেই গড়তে চাই যাতে খাদ্য সমস্যা অলপদিনের মধ্যেই সমাধান হয়। শুধ জলগেচের ছারা তা হবার নয়। খাদ্য সমস্যা সমাধানের জন্য চাই মান্ম, চাই সকলের সমবেত চেটা। আজকের এই দদ্দিনে কর্ত্তব্য হচেছ—যে যতটা পবিশ্রম করি ভার চেয়ে বেশী পরিশ্রম সকলকেই করতে হবে। আমরা খাদা সমস্যা নিমে যতটা চিৎকার করি—শেই অনুপাতে পরিশ্ম কি করি ? রবীক্রনাথের সেই যে বাণী যেখানে ধুলা মাটিতে চামী চাম করছে—পাধব ভেলে, বৌলে পুড়ে, বৃষ্টিতে ভিজে চাম করছে, বারো মাস বাটছে, সেই কাজে সকলকেই আজ যেতে হবে, কে অতটা কুরতে পুস্তত আছেন। ওদিকের বন্ধাব পর বন্ধা বলছেন, মাননীয় নেতা বলছেন, যে গভর্ণবেণ্ট কিছু ই করছেন না। আমি গভর্ণমেণ্টের পক্ষের একজন Parliamentary Secretary বলেই যে বজুতা করে আপনাদের সময় নষ্ট করছি, তা নয়, আজ চোখের সায়ে আপনারা কি দেখছেন ? এ বছর এমন জলকট হয়েছে যে পশ্চিম বাংলায় ভাল চাম হতে পারছে না। কিন্ত ময়বাকী পরিকলপনার কলে যতটা কাজ হয়েছে তাতে এবাব চার লক্ষ একর জমিতে নিশ্চিত ফসল হবে। তা ছাড়া পশ্চিমবঙ্গেও দেখতে পাবেন বড় স্কীবের প্রব্যোজন যদিও বেশী কিন্তু এখানেও ছোট ছোট স্কীমগুলিকে সংজে কার্য্যকরী করায় অনেকটা কাল এগিয়ে গিয়েছে।

ওদিকেব কোন বন্ধু বাইবে লোকদের নিমে গোলবাল করে বেড়ান কিন্তু তাদের অনু দেবার কি ব্যবস্থা।
করেছেন ? যেন তেন পুকাবেট্রা কেবল বিরোধীতা করলেই দেশসেবা হবে না, যেখানে দর নাই, সেখানে দর
দিতে হবে, যেখানে জমি নাই সেখানে জমি দিতে হবে, যেখানে শস্য নাই সেখানে শস্য দিতে হবে। আমরা
আজ ৪ বছব ধরে এই কাজে লিপ্ত আছি, তাতে আমাব যতটুকু অভিজ্ঞত। হয়েছে তাই খেকে বলতে পারি
খাদ্যের ব্যাপারে যদি রাজনীতি না চুকত তাহলে আমার দৃচ বিশ্বাস এবং সুস্পট অভিমত এই যে পশ্চিমবঙ্গে
খাদ্যের দর এরূপ বৃদ্ধি হতো না। জনমত এবং শশ্যেব অভাব দূব করবার জন্যই পুবল হয়ে উঠতো।

চালের বাজারে দেখা যায় হাজার হাজার মণ চাল মজুত ক'রে চোরা কারবার চলছে, ফলী আচিছে, আর এদিকে অসংখ্য গরীব লোক চাল পাচেছ না। এমন লোক প্রায়ণঃই চোথে পড়ে অনেকে চাল মাধায় করে বরে নিয়ে অপরকে অনুহীন করে অন্যত্র চড়া দামে বিক্রম করছে, যার পয়না নাই দে ফেল্ ফেল্ ক'রে তাকিয়ে দেখছে—এইরূপ করুণ দৃশ্য দেখেও চোঝ বুলে থাকি; কিন্তু এভাবে চলবেনা, এইসব দুঃখ দুর্দ্ধলার কথা গাতীরভাবে হুদয়ে স্থান দিয়ে আমাদের অপুসর হতে হবে। নৈলে পবিঘদে গালাগালি করা আর একদল আর একদলের নিলা করাতে কিছু লাভ হবে না। যদি আমাদের ঘরে চাল থেকেই থাকে তাহলে আমাদেরই ভাই বেতে পাবে না এইটা মনে মনে উপলব্ধি করে কার যবের কতটা ধানচাল আছে, কার দৈনিক কতটা পুয়োজন আন্ধ কযে বার করে, আমাদের কালে অপুসর হতে হবে। আন্ধ কমে দেখে যতটা পুয়োজন ততটাই আমাদের সংগ্রহ করতে হবে। আন্ধকে এখানে সকলেই আছি যদি আমর। এইভাবে চলি তাহলে আমি মনে করি আমাদের আর উৎপাদন বা সংগ্রহ নিরে বিলান্ত হতে হবে না।

আমি আর আপনাদের বেশী সময় নেব না। এর পরে মাননীয় খাদ্যমন্ত্রী মহাপার আরো আনেক মুল্যথান তথ্য দিয়ে আপনাদের খাদ্যের অবস্থাটা বোঝাতে পারবেন। আমি জানি এ দেশে যে সব কাল হরেছে, তাহার। কতটা পুতিকার হয়েছে। আলকে আমরা ১৯৪৩ সালের ও তংপরবন্তী যে ভ্যাবহ দুভিক্ষের জন্য আত্তিত হয়ে উঠেছি, বার বর্ণনা দিলে বলতে হয় "গাছের পাতা পর্যান্ত ছিল না"—-সেই দুভিক্ষেরই সমুবীন হয়ত হতাম যিদি আমাদের জাতীয় গতর্পবেণ্ট না পুতিষ্ঠিত হতো এবং শন্য সংগৃহ না করা হতো। হতে পারে আলকে চাঙ্গনাৰু বিরোধী দলে, কিছ একদিন ওঁরা সবাই ছিলেন উৎপাদন করার দিকে। আল তাঁরা দেশের কবা ভূলে রাজনীতির ভক্ষবেব হরেছেন। আলকে তিনি ভিনু আসনে হয়ত বলেছেন, কিছ একদিন তিনি আমাদেরই মন্ত্রী ছিলেদ

ভাবন বুত ছিল কি করে আনু দিয়ে বেশের লোকের শক্তি বাড়ানো যার, কি করে দেশের লোকদের শিক্ষিত করে তোলা বার ও দেশের নবলন্ধ স্বাধীনতাকে সফল করা যার। সেইজন্য আবি বনে করি আজকে নানা বিধরের আলোচনা করলেও এ সফল বিধরে যখন আজও আবরা এক যত, এবং অনেকটা একই পথ যখন আজও আবাদের রয়েছে তখন আমি সবিনয়ে নিবেদন জানাচিছ আহ্বন আমরা গ্রামের শন্ত মাটিকে উবর্বরা করে তুলি, স্কুজনা স্কুকনা করে তুলি। এই হচেছ আযার আপনাদের কাছে নিবেক্ষ। আমি আবারও বল্ছি, আহ্বন গ্রামের প্রাণপুতিষ্ঠা করি এবং বাংলাদেশকে "সোনার বাংলায়" পরিণত করি।

শুছের চারুবাবু যে পুস্তাব এখানে এনেছেন যুক্তির দিক ও অন্যান্য সকল দিক বিবেচন। করে দেখা যায় তার কোন পুরোজন নাই।

8j. KANAI LAL DE: মাননীয় সভাপাল মহোদয়, এইসব গালতরা কথা তল্তে বেশ ভাল লাগে।
তিনি যেভাবে দেশের খাদ্যসমস্যা সমাধানের যুক্তি দেখিয়েছেন তা তাঁর সমাধিত সরকারের গত ৪ বৎসরের কার্য্যানলীতে পুমাণিত হয়েছে। আদ্ধু দেশে ভয়াবহ খাদ্য অনটন উপস্থিত; কারণ, বছ জায়গায় নাকি ভাল ফসল
হয় নি। কিছু আমি তাঁকে জিঞ্জাসা করি গতবৎসর ভাল ফসল হ'লেও বছ জায়গায় ৮০ টাকা পর্যান্ত চা'লের দাম
উঠেছিল কেন ৮ তার কারণ আর কিছুই নয়, একমাত্র এই সরকারের অব্যবস্থার ফলেই এটা হয়েছিল।

আজকে দেশের এই খাদ্যাবস্থার জন্য দায়ী সরকারী ব্যবস্থা। তাঁরা খাদ্য সম্বন্ধে যে নীতি অবলম্বন করেছেন তাতে কোন সমাধান তো হবেই না. বরং ক্রমে ক্রমে খাদ্যের অবস্থার অবনতি ঘটবে। ময়রাক্ষী, দামোদর ইত্যাদি ৰ্ভ বড় পরিকলপনার কথা ব'লে লোককে সান্ত না দেন, ''এই তো হ'য়ে যাচেছ তোষাদের ব্যবস্থা, এই পরিকলপনা-গুলি শেষ হ'লে দেশে জার জভাব থাকবে না।" ধংগনবাব বলেছেন Control রাধা প্রয়োজন। Control श्रीका नरसंख वह स्रायंगीय १०।৮० होका नरत होन विक्री टरहा। এই Control व्यवसात करन यात्रा छे९भामन করে তারা বেশী দামে চা'ল কিনে খাচেছ, আর কলকাতার লোক ১৭ টাক। চাল কিনছে। এই তো হ'ল Control এর অবস্থা। এই যে কলকাতা সহরে Ration দেওয়া হচেছ তা থেয়ে কি লোকে বাঁচতে পারে? লোকে বাধ্য হ'মে চোরাবাজারে ১॥০/১५০ টাকা দিমে চা'ল কেনে। এঁরা বলেন দেশে চা'ল নাই, কিন্তু এইশব চাল আসে কোপা থেকে: টাকা থাকলে যে কোন পরিমাণ চাল কিনতে পারা<sup>\*</sup>যায়। আজকে আমরা দে<del>খ</del>তে भारे नियानमञ् रहेनत्तर जार्ग भार्ग देवठेकथाना वास्त्राद्ध जनःश्वा नवनावी हा'त्नव वस्त्रा नास्त्रिय विक्री कद्धा এই হচেছ Control রাধার ফল। অন্য কোন গণতান্ত্রিক দেশে হ'লে তাঁদের এই অব্যবস্থাব জন্য দেশবাসীর নিকট কৈফিয়ত দিতে হ'ত এবং সাজাও পেতেন। খাদ্য নিয়ে রাজনীতি না ক'রে তাঁরা যদি প্রকতই চাষীকে খাদ্য উৎপাদনে উৎসাহ দিতেন তা'হ'লে আজু খাদ্যের এই অব্যবস্থা হ'ত না। আমরা খাদ্য নিয়ে রাজনীতি করতে চাই না। Control, Permit, Licence দিয়ে তাঁর। খাদ্য নিয়ে বাজনীতি ক'রে কতক লোককে ছাতে রাখছেন। জনসাধারণের জন্য তাঁদের দরদ নাই। তাঁরা বলেন দেশে দুভিক্ষ নাই, কোন অভাব নাই; আমি তাঁদের challenge ক'রে বলুছি আমার সঙ্গে চলুন, কত লোক না বেতে পেয়ে মৃত্যুব দিকে এগিয়ে যাচেছ দেখিয়ে দেব। কিন্তু তাঁদের সে সাহস নাই। এদিকে আপনারা চিনির Control রেখেছেন, ১৫ আনা সের বিক্রী করছেন। এদিকে বাল্লারে ১০০ সের বিক্রী হচেছ। চিনি যদি বেশী হ'মে থাকে তবে Control তলে শিন। এঁদের বন্ধু Bombayর মন্ত্রী নির্বাচনের জন্য কাপড় কল মালিকদের কাছ থেকে চাঁদা তুলছেন।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: On a point of order, Sir. Can such reflections be made on Hon'ble Ministers of other States? Their question does not arise. The honourable member is casting reflection on the Hon'ble Ministers of Bombay and the Hon'ble Ministers of Uttar Pradesh. Sir, this is highly undesirable and this portion should be expunged from the proceedings of the House and he should withdraw.

8j. KANAI LAL DE: খবরের কাগন্ত থেকেই বলছি। আল পর্যান্ত তার কোন পুতিবাদ হয় নি।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, the honourable member does not know what he is talking about. The lie direct was given to such allegations on the floor of the Parliament itself at New Delhi and he tries to manufacture things and pass on here in the absence of Ministers of other states absolutely in an irrelevant manner and this is a precedent which should not be encouraged in any way.

Mr. SPEAKER: Well, I think no aspersion should be cast over the Ministers of other States. Their names should not be mentioned.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, that portion should be expunged.

Mr. SPEAKER: That I will consider.

- 8j. 8IBNATH BANERJEE: ওধানকার কথা না হয় থাক, এধানকার মন্ত্রীদের চুরি সহছে ভাল ক'রে বলা হোক।
- Sj. KANAI LAL DE: স্যার, আবি না হয় আবাদের মন্ত্রীদের কথাই বলি। আবাদের মন্ত্রীরা বছ লক্ষ মণ চা'লেব হিসাবই দিতে পারেন নি। এই চা'ল যদি নষ্ট না হ'ত তা'হ'লে আমাদের দেশে খাদ্যাভাৰ হ'ত না। Procurement করাব সময় শতকরা ১০ ভাগ wastage হয়, কিন্ত আমরা জানি আমাদের দেশে যদি শতকরা ১০ ভাগ ফলন বাডান যায় তা'হ'লে আমাদের দেশে ঘাটতি থাকে লা। কিন্তু এত যে waste হচেছ সেদিকে তাঁরা একদম দৃষ্টি দেন না। একট ভাল ক'রে অনসন্ধান করলে দেখতে পাবেন যে বছ per cent. waste হচেছ। কিছ Government এখানে গৰ কিছ ধানা চাপা দিয়ে বলছেন যে, মাত্ৰ 10 per cent. waste হচেছ⊥ এই যে 10 oper cent. wastage হচেছ, সেটা যদি বন্ধ করা যায় তা হ'লে তাঁরা যে আছ करघ हिनाव प्रश्रियाङ्ग, তাতে श्रीपात चलाव इय ना। श्रीमा উৎপामन ना वाफ़िया, श्रीन प्राप्त Control পথা চাল রেখে, কোন স্মন্থ ব্যবস্থা করা সম্ভব নয়। সরকারকে বৎসরে ৫৬০,০০০,০০০ মণ ধান চা'ল কিনতে হয় এবং তার জন্য আমাদের সরকারকে ৪০,০০০,০০০ টাক। দিতে হয়। এই ধান চা'ল কিনে তাঁরা বেশী দাকে বিক্রয় করেন, তাঁবা এই ধান চাল ৪॥০ টাকা পর্যান্ত margin রেখে বিক্রয় করেন। আনা-নেওয়ার খরচ মণপুতি আট আনার বেশী পড়ে না অথচ আমাদের সরকারের ওকমণ চালে পায় ৪ টাকা করে খরচ পড়ে। চারবাধ ক'বে তাঁব। আনা-নেওয়া করেন, তিন বাব ক'রে বন্ধা বদলান এবং তার জন্য wastage ইত্যাদিতে বছ খবচ পতে যায়। (Here the blue light was lit) স্থতরাং আজ এই বাংলা দেশে যে এক ভরাবহ অবস্থার সৃষ্টি হয়েছে তার হাত থেকে পরিত্রাণ করবার ভার বাংলার সরকার নিয়েছেন এবং এখন ডাদের কর্ত্তর্য এর একটা স্কুৰ্চ সমাধান কবা। তা যদি তাঁরা না করতে পারেন, জনসাধারণকে না খেতে দিয়ে খেৰে ফেলেন তা'হ'লে তাঁরা মন্ত্রীমের গদি ছেড়ে দিন, কারণ তাঁবা গদিতে বলে জনসাধারণকে মারতে পারেন না।

মাটিতে যে গাছ থাকে সে মাটি থেকেই রস টেনে নেয়। সেইরকম আপনাদের Control চালু রাখার ফলে জনসাধাবণ পুয়োজনীয় জিনিস কিনতে পারে না। এই রকম একটা অসকত পূথা চালু রাখবার আপনাদের কোন অধিকাব নাই। স্থতরাং আপনারা হয় এই Control সম্পূর্ণ তুলে নিন, আর না হয়, সকলে যাতে খাদ্য পায় তার ব্যবহা করুন।

Sj. RAJANI KANTA PRAMANIK: On a point of personal explanation, Sir.

Mr. SPEAKER: जाठका वनुन,।

Sj. RAJANI KANTA PRAMANIK: আমার নামটা এখানে উল্লেখ হয়েছে। পূর্বের্ব্তী বন্ধা কানাইবাবু বলেছেন যে একটা Committee formation হয়েছিল এবং আমি তার সভাপতি ছিলাম। এর reportটা আমি নাকি ধামাচাপা দিয়েছি। এ বিষয়ে আমি এই Assemblyতে পূর্বের্ব্ব একবার টুল্লেখ করেছিলাম, তিনি হয়ত সে কথা ভুলে গিয়েছেন, অথবা মনে থাকলেও সেটাকে চাপা দিয়ে অসত্য কথা বলেছেন। তথন বলা হয়েছিল যে এ বিষয়ে রীতিরত enquiry হয়েছে এবং report ধামাচাপা দেওয়া হয় নি। তাঁরা বলুছেন যে 10 per cent. wastage হয়েছে কিছ সেই reportএ দেখান হয়েছে যে 2 per cent.এর বেনী loss হয়নি। এবিষয়ে Assemblyতে পূর্বেই উল্লেখ করেছি। স্কুতরাং আমার মনে হয়, তিনি সব কিছু জেনে-ভনেও আজকে এই কথা বলছেন, এই সত্যকে চাপা দিয়ে অসত্য ভাষণা দিছেছন।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Mr. Speaker, Sir, I thank the honourable mover of this Resolution for giving this House an opportunity to go fully into the question of food problem in the State. I

am sure that the Hon'ble Food Minister will take this opportunity and everybody must be waiting to hear him to give this House a full idea and a real picture of the food position in the State. Before anyone takes up the consideration of the food problem in West Bengal, one must realise that apart from the general post-war difficulty in respect of the food problem in India, in common with most countries in the world, there have been other factors upsetting our economy. There have been most unprecedented factors which have put a strain on the food resources of the State, as happened never before in history. I think honourable members of this House representing the unhappy people of this truncated Province of Bengal should rise to the height of their responsibility in realising that they are out to grapple with a difficulty which is of historic importance and of which there is no parallel in human history. It is in that view I think that honourable members will realise, as our country men do desire at their bitter cost, that food should not be made a question of party politics, and I think whatever may be the urges for securing election victories it will be dengerous and undesirable to toy with the problem of food or to try to make political capital out of it. They will be sowing the wind out of which they will have to reap the whirlwind, if they play with the question of food with a view to gain political advantage out of it. Sir, it is known to what an unprecedented proportion the non-producing population of West Bengal has increased—the proportion of population that does not produce any food but need their daily grub. The increase has been forty per cent. Not even by Aladin's magic lamp could the food production be increased by that percentage in conditions under which we are living. The State and the people are undoubtedly passing through difficulty owing to food shortage. The difficulty is there undoubtedly, but I think there is this consolation that Bengal and the people of Bengal have been fortunate to be able to avert that spectacle of famine as we witnessed in 1943. The upsetting of the economy was not there at that time to the extent to which it exists today, and the conditions today are far worse than they were in those days. Even so the famine was not averted because there was a hearless alien governing power ruling this land. Through the grace of Providence, with the formation of a National Government, it does not matter whichever group may be in power, confidence has been aroused in the mind of the people. It has been possible for the Government to avert a famine the spectacle of which we saw in 1943. It would not be out of place here to recall that soon after the National Government came into power for the first time in West Bengal, not with the Leader of the present Assembly but with Dr. Ghosh at the head of the Government and the honourable mover of this resolution as the Food Minister, there was a time when the food ration had to be cut down to the extent of rice cereal being reduced to three chittacks per head per day. That was a difficult time and a difficult and bold measure had to be adopted in order to avert the difficulty and a worse aggravation of the food problem. There were people who at that time tried to incite and instigate our unhappy miserable populace in the industrial areas and elsewhere wanting them to demand a restoration of the ration cut. There were people who even urged them to resort to strike in order to compel a restoration of the ration cut.

But that situation had been boldly met. We had to face the situation. When an appeal was made to the people whose ration had been cut either to share in times of scarcity and difficulty one man's normal food with three men on rationing principle in order to avert famine or to eat full stomach so that at the cost of one man's food two men might perish, our people instantly responded. Those men of ill-will, who were interested in the suicidal propaganda, came forward and urged that even in British times food ration had not been cut down to eight or nine chataks per head per day, but the Congress Government of Dr. P. C. Ghosh had cut it down to three chataks of rice a day. We did then go forward and ask the people that those evil-minded men of ill-will were propagating those comparisons to conceal the truth that while in 1943 those who were getting rations got 7 or 8 or 9 chataks a day, fifty lakhs of men, women and children perished at that time and there was not even a single word of protest whatsoever at that time from those men. Even the Famine Investigation Commission expressed surprise that there was no revolt against famine and famine conditions. When we cut the ration we posed the question before the people: it is your National Government and the Congress Government that in the face of this difficulty has come forward and asked each person to share his normal food as between three of his fellowmen so that one might remain half-starved in need, but at least famine might be averted; and when you reap your next harvest you will have your full meal, but you should for some time at least remain half-starved in order to tide over the difficulty. And we saw that people responded and realised that it was criminal in those circumstances to demand restoration of the ration cut and they were content to face hardship cheerfully as a national duty to be satisfied with less food.

There again was a parallel complaint about the scarcity of cloth. This Government or rather the Government of India was accused of bringing about a cloth famine and evil men of ill-will propagated and incited ill-will against Government, but people understood that even at the cost of hardship on the score of cloth, because cloth had to be exported from India, and in exchange of that we got food to avert famine. And as soon as they were told of the real position they cheerfully agreed to a cloth ration cut so that they might save the lives of their brothers by getting food from abroad in exchange of cloth and thus avert famine. Such was the vital fact behind the scarcity of food, behind the scarcity of cloth and behind the stringent and hard methods which were adopted by Government in order to avert the repetition of the state of affairs which we had seen in Bengal. I do know that public memories may be usually and proverbially short, but historical memories may be short only at the peril of a nation which is to emerge out of a state of servitude. We are free today, but our freedom has not come with glory. Our liberty has come with tears, with the partition of the country, with families ruined and with poor people having lost all they had. They found themselves ruined in a day and had to start afresh. Those who had been running their household in the quiet corners of villages found themselves as refugees from Pakistan and it is their influx from different parts of the country that has caused a rise of 40 per cent. of the population and increased mouths to feed.

Then, again, it is well known that in Bengal there is a vast educated middle class. Unfortunately, it is a characteristic of our education that the educated strata get farthest removed from all productive activities, from production of food and other commodities. In other words, this educated strata in respect of the consumption of commodities of life become a deadweight on the rest of the community that work for production. That again is a crime and a legacy in a system of education that has been left behind from foreign rule. Therefore, there are more mouths to scatter poison against Government to misguide people rather than work with their hands in order to produce grains. There are mouths that want to eat food but will not raise even their little finger in order to produce food. We know, Sir, that in the sandy desert of Israel men and women, illiterate and educated, the teacher and the student, big men and poor men, all have combined together as a single army of producers so far as production of food and other elementary necessities of life are concerned, and they have converted that sandy desert into a prosperous agricultural colony which

has defied the red-shot eyes of the big powers surrounding them. That is an example for us, for a country like India, for an unhappy State like West Bengal to follow. It is necessary today that instead of creating a big hullabaloo for futile demonstration and inactive, passive and wasteful agitation we should rather harness our energy for production of food. The cost of production of food is a difficult matter. Whenever you try to bring more land under cultivation the cost of labour with the scarcity of food becomes prohibitive and there are my friends opposite some of whom delight in inculcating a doctrine of "want more and produce less". They work in a manner that operate against the productive activity of the nation, and yet expect that the cost of production would not be more. That is an absurd proposition. In these circumstances our friends opposite would do well if they combined together and urged compulsory agricultural labour in order to minimise the cost of food production. There have been other nations which have passed through difficult times. They inspire their own men and women and fellow countrymen irrespective of party and group affiliations to engage themselves in free productive activity for production of food. That is the law for the survival of a nation in a crisis. We have not heard as yet such a course advocated by our friends opposite. We have not heard them advocate any such thing. They have simply come forward with a bare resolution urging that something should be done where the price has gone above Rs. 25, mentioning nothing whatsoever about the food situation, in respect of cost and amount of production.

8j. SIBNATH BANERJEE: Sir, the blue light has been on for more than five minutes. It means that a warning is given that the time is going to be over and then comes the red light when only the sentence is allowed to be finished. The blue light is on just two minutes before the time-limit but in this case five minutes have passed since the blue light has been on. I want your ruling how we are to be guided in this matter.

Mr. SPEAKER: As a matter of fact I have not observed any hard and fast rule with regard to this blue light. I have used it as a warning and have allowed sometimes two minutes, sometimes three minutes and this has been allowed to members on both sides of the House.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, I can assure you that I shall not deprive my friend too long of the pleasure of seeing the red light in front of his nose. In this context, Sir, I wish to point out that not a single suggestion of constructive value which may lead anywhere towards the solution of the food problem has come forward from my honourable friends opposite. That shows the utter bankruptcy of their thought and ideas.

I appeal to them in conclusion to reorient themselves with a new outlook where the question of food is concerned. Sir, I need not say more. The endeavours which the West Bengal Government have made, the imprense acreage which they are trying to bring under cultivation, the attempt to increase the yield per bigha or per acre, all that attempt will be narrated by the Hon'ble Food Minister and I shall not stand between him and the House any longer.

With this appeal I oppose this motion.

8]. BASANTLAL MURARKA: Speaker Mahodai, Sirl Jo prastao abhi Charu Babu ney pesh kiya hai, main uska birodh kerta hoon, aur isike liey khara hua hoon. Charu Babu ager is prastao ko 2 barus pahley pesh kiya hota, ya ager is prastao ko aneywaley assembly men pesh kiya hota to main unko swagat kerta. Leken jub is samai chunao shuru honeywala hai, logon men bharanti phailaney ke liey yeh prastao lia gia hai. Is

prastao ka berodh kernev sev bharanti dur hogi. Isliev main berodh kerta hoon. Sub chizon ki tezi sarey sansar men phaili huie hai, Truman Saheb bhi jahi boltey hain, aur hamarey perdhan mantari Nehruji bhi yehi boltey hain. In chizon ki tezi janewali naheen hai. Sara Sansar ek mahajudh ke darwazi per khara hua hai. Is sey maloom hota hai ke mahasamar ke liey sara sansar chizon ko rakh raha hai. Tamam chizen tezi dam men kharidi jati hain, doosri bat yeh hai ke tamam khaney ki chizen baher sey ati hain—chawal Burma sey ata hai, Gehun Australia say ata hai, makie bhi baher sey ata hai. Pahley hamarey desh men un bohut tha, leken jub sey desh ko swatantrata mili hai, sub chizon ka ana bund hogiya hai, keonke doosrey doosrey desh bhi apney faidey ke liey ûn chizon ki rakhsha kertey hain. Is liey desh men tezi phaili huie hai. Desh ke jes koney men jai-ay tezi melegi, sarey sansar men tezi hai aur iska asar Hindustan men bhi para hai. Bengal ek chota sa perdesh hai aur is men 30 lakh purb Bengal sey agaey hain. Manipur sey leken Peshawar tak hamarey Bengali bhai phailey huey they, naukari kertey they, vakil they, Doctor they, ab wah sub bhai bhi doosrey doosrey deson sey hamarey Bengal men a rahey hain. Is liev Bengal ki sankhiya itni hogaie hai ab unka raksha kerna bohut mushkil hai. .Hamarey khadh mantari ke bohut cheshta per bhi Bengal perdesh men jo tezi hai, uska kum kerna mushkil hai. Leken hum ûn birodhi bhaiyon sey appeal kerna chahtey hain, Robi Babu ke Bengal ke nam per appeal kertey hain, Vivikananda ke Bengal ke nam per appeal kertey hain, Khudiram ke Bengal ke nam per appeal kertey hain, Desbandhu Das ke Bengal ke nam per appeal kertey hain, Netaji Subash ke Bengal ke name per appeal kertey hain, ke āp log ājay aur sub milker pher Bengal ko soney ka Bengal banai-ay. Bengal ka raksha kerna sarey Hindustan ka raksha kerna hai.

Khali samalochona sey kuch naheen hoga. Ap vote ke liey jetna bhi parchar kijeay, leken janta achhi tarah janti hai, ke āp jehan logon men bharanti phailana chahtey hain. Congress ke nam per āey aur ab Congress ke perti birdesh phailatey hain. Aj hamara desh swantanter hua hai, Congress ke hath sey aur āj āp log Congress hi key perti desh men birodh phailana chahtey hain. Raja log Congress raj ke birodhi hain, zamindar log iskey birodhi hain, mill malek log iska birodh kertey hain, keonke ünko ziada tax lagega. Aj sadharan biopari bhi Congress ka birodh kertey hain, keonke Coutrol honey ki sabal wah Black-marketting naheen kersaktey hain.

Aj hamarey kuch bhai jo rasta rasta men parade kertey hain aur isterion ko julus ke samney detey hain—aur nara lagtey hain ke, "Dhan naheen dengey, jan dengey", aur doosri taraf kahtey hain ke ration kum hai. Ek taraf millon ka strike karatey hain, aur doosri taraf kahtey hain ke kapra naheen milta hai. Yeh bari lajja ki bat hai, yeh theeck naheen hai.

Main apney tamam birodhi bandhuon sey appeal kerta hoon ke is kam ko choreay. Apko desh ka bohut kam kerna hai, aur Bengal ko pher sey

soney ka Bengal banana hai.

Ap parastao laieay ke Mymensingh aur Santal Pargana ko pherti milna chaheay, to ke hamarey 30 lakh bhaion ko basa saken. Bengal ko soney ka Bengal banaiay, Bengal ko bachana hai.

Sj. ANNADAPRASAD MANDAL: মাননীয় শীকার মহোদয়, আঁজকে যে পুতাৰ বাননীয় চারুবাবু এনেছেন আমি সে পুতাবের তীবু পুতিবাদ করছি। এই পুতাবটা আনা হয়েছে একটা রাজনৈতিক পুচারের জন্য এই আমার ধারণা। আমি বর্জনান জেলার লোক, সেটা উদ্বৃত্ত অঞ্জল; আমি সাধারণত যেখানে থাকি সেটা হচেছ কালনা সহর। সেধানকার আমি একজন সাধারণ লোক। আমি আপুনাদের জানাচিছ আমাদের সেই যে উদ্বৃত্ত অঞ্জ, সেধানেই আজ ৩২১, টাকা চালের দর। চারু বাবুর পুতাব

ৰত ২৫১ টাৰার উর্চ্ছে দর হলেই সেখানে বদি আজ full ration পুথা পুথজন করা হর ডাহনে যারা চারী কসল উৎপাদন করে তারা ১৬১ টাকা দরে কিনবে, কিছ বেচবে বেশী দরে। আমি এর তীন্র পুতিবাদ করি এবং জ্যোরের সঙ্গে বনছি এইভাবে full rationএর ব্যবস্থা করা উচিত নয়। আজকে আমাদের এই পশ্চিমবজের যা অবস্থা তাতে দেখা যায় অনেক জায়গায়ই থানচালের দর বাড়ছে। আমাদের থাদ্যের পুক্ত অবস্থা না জেবে এই যে পুজাবটি আনা হয়েছে আমাদের পরিষদ সমকে, যাতে নাকি আমাদের সমস্ত দেশের অবস্থার অবনতিই হবে।

আমি আরেকটি কথা এলুছি; আমার বন্ধুগণ যাঁরা এই পুস্তাব এনেছেন তাঁরা প্রামে কুমকদের মধ্যে প্রচারকার্য্য করে বলছেন তোষরা Governmentকে ধানচাল দিয়ো না। আমি জ্বোরের সংগে বলতে পারি ৰুঘৰণাণ উপৰক্ত মল্যে Governmentএর কাছে ধানচাল বিক্রী করেছে। এরা কঘকদের ধান চাঘ না করবার জন্য প্রোচন। দিয়েছেন : তাঁরা এই ক'রে দেশের সর্বনাশ করার চেষ্টা করছেন। কিছু চামীরা জ্ঞানে তাঁদের क्या धनतन ठाएमत निष्मपनवरे गर्वनान रूप । जामात्र वकुएमत वन्एठ शांति এर करत पन छकात रूप ना । ठांताक তো একদিন গদিতে ছিলেন, স্থতরাং আজকে দেশের অবস্থা বর্ঝে দেখা দরকার। এঁরা controlএর বিরুদ্ধে ৰত প্ৰকাশ করেছেন। কিন্তু নাসিক কংগ্ৰেস অধিবেশনে control প্ৰথার সমর্থনে প্রস্তাব পাস হয়েছে। স্তব্ধ ভাই নর, সমস্ত প্রাদেশিক খাদ্যমন্ত্রীর। বিলিতভাবে এই মত প্রকাশ করেছেন যে, control রাখা উচিত। আজ যদি control তলে দেওয়া যায় তাহলে যে চাষী খাদ্য উৎপাদন করে তারা পর্বাগে মরবে। এমতাবস্থায় আমার वस्तरात्र जनताथ कति छाता यन वर्षमान जनमात्रा এको जान क'रत विरावतना के'रत एएथन। १५एमत थामा निराय রাজনীতি করা দেশের পক্ষে একটা অনিষ্টকর ব্যাপার এতে কিছুমাত্র সন্দেহ নাই। চারুবাবু যে প্রস্তাব আজ উবাপন করেছেন তা অভান্ত অন্যায় প্রস্তাব। আজ যদি তিনি মন্ত্রী থাকতেন তাহ'লে কখনই এই প্রস্তাব করতে পারতেন না। আঞ্চককে প্রত্যেকে উৎপাদন বাড়াবার জন্য উৎপাহ দিতে হবে। উৎপাদনের মনোবন্ধি ষ্টাষ্ট করতে ছবে। जानि जातको। कथा এখানে बनुएए চাই जानात बहुत्तत गःवामशत्व बात्मात वार्शाद य गम्छ गःवाम विद ছব তা সৰ সৰব সত্য নব। পৰিশেষে আৰি আৰাৰ বন্ধুদের অনুবোধ করে বনুছি তাঁর। যদি এইভাবে চলেন তা হ'লে দেশের সৰুহ ক্ষতি হবে। এই বলে আমি এই প্রস্তাবের প্রতিবাদ করছি।

8]. HEMANTA KUMAR BASU: Mr. Speaker, Sir, চারুবাবু বে পুতার এনেছেন সেটা আত্যত্ত সরল ও সোজা পুতার। এই পুতারটার উপর Government Bench সভ্যদের এভটা উদ্ধা হল কেন বুঝতে পারছি না। এতে তথু এই কথা আছে যে বেখানে ২৫ টাকার উপরে চালের দর উঠবে সেই সেই আরগার যেন full-scale ration introduce করা হয়। Governmentএর দায়িত দেশের লোককে বাঙ্কান এবং সে দায়িত উদের পালনও করতে হবে। জনসাধারণের অধিকারও আছে এটা তাঁদের কাছে দাবী করবার। যদি তাঁরা আসন ছেড়ে দেন তাহলে তাঁদের কাছে কেউ দাবী করবে না। আপের বক্তা বলে গেলেল আমরা নাকি ধান চাম করতে চাধীদের মানা করেছি। এতবড় মিধ্যা কথা কি করে যে বলা হল বুঝতে পারি না। Government বরং গরীব চাধীদের ধান জোর করে procure করছেন। জনিদার ও জোতদারদের সহযোগে তাঁরা গরীব চাধীর উপর অত্যাচার করেছেন বলেই চাধীরা আজকে ধান দিতে চার না। এই অতি সরল ও সোজা পুতাবটা তাঁরা কেন বনে নিচেছন না বুঝতে পারি না।

স্থানরবান ৫৭ সাবো বাঁধ তেক্ষে নোনা জল চুকে লক্ষ লক্ষ একর জনির ফসল নই হয়েছে। সেদিকে তাঁদের লুই নাই; তাঁরা জনিবানী-পূখা বিলোপের কোন চেটা করছেন না, কারণ শেখানে শোনা যাচেছ তাঁদের বদ্ধু জনিবারদের fishery হবে। তাঁরা সেখান থেকে চাধীদের উৎধাত করার চেটার আছেন। যত দুর্নীতি, জপকার্ব্য করছেন তাঁরা, কিছ পোঘ পেওয়া হচেছ আনাদের। আনি নিজে অনেক scheme দিরেছি, ১০ লক্ষ লোকের পূর্বপতি করেছি, বাংলা পেশের বহু জনিতে বহু চাধী ও refugee বসিয়েছি। বহু জনি পতিত পড়ে আছে, কিছ চাঘ আবাদের কোন ব্যবহা হচেছ না, অথচ বহু চাধী সেই সমন্ত জনিতে চাম করতে পুজত আছে। কারণ এদের বন্ধুদের আর্থি আবাদের।

আনি কিছু দিন পূর্বে বহরৰপুর গিরেছিলান। সেখানে দেখলাৰ ৫০টা family গাছতলার পড়ে আছে আর বড় বড় সরকারী কর্মচারীরা বড় বড় বাড়ীতে বেশ আরাবে দিনবাপন করছেন। এই ব্যাপারে আনি District Magistrested সকলে সাক্ষাৎ করেছিলান ু আনি জার দিরে বলৃছি কংপ্রেস Government বলেই এটা সম্ভব হরেছে। রাভার লোক পড়ে থাকে, আর' আপনারা গদিতে বসে বড় বড় কথা বলেন, আপনাদের লঞ্জিভ হওরা উচিত। দায়িত্ব Governmentএর, সে দায়িত্ব পানন করা না হইলে জনসাধারণের অধিকার আছে কথা

ৰনার। স্থল্যবনে যাদের ঘরবাড়ী বন্যার ভেচ্চে গিরেছে তাদের সাহায্য না দিয়ে নিজেদের দলের দেশকৈ সাহায্য দিয়ে election জিতনার চেটা করছেন। এটা সত্য কি না, আল্লন কোন্ মন্ত্রী মাবেন আমার সঙ্গে, আলি দেশিয়ে দিব। কিন্তু publicকে face করবার সাহস আপনাদের নাই। (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: কোন গাঁয়ে নিয়ে বাবেন? (Sj. Charu Chandra Bhandari: আমি এক গ্রাবে নিয়ে বেতে পারি।) আপনারা শুধু বড় বড় কথা বলেন। সত্য বিধায় জনসাধারণ বুঝতে পাবে না। আজকে জনসাধারণের থাওয়া পড়ার ব্যবন্ধ। করতে হবে, না হলে তারা জোল করে আপায় করবে। আজকে চীনের দিকে তাকিয়ে দেখুন। যেখানে আগে পুতি বৎসর দুভিক্ষে লক্ষ্ম নারা যেত আজকে সেই চীন দেশে এ বৎসরের মধ্যে খাদ্যসমস্যার সমাধান হয়ে গিরেছে। তারা জনিদারী-প্রশা তলে দিয়েছে।

স্থাতরাং আমার বক্তন্য শেষ করে আমি বল্তে চাই চারুবাবুর প্রস্তাব অতি সংগত প্রস্তাব। আরো ভেবে দেখুন ২৫ টাকা দিয়েই বা বাংলা দেশের ক'জন লোক চাল ক্রম করতে পারে। এ নিয়ে ওপক্ষ থেকে ঠাটা বিজ্ঞাপ চল্ছে, এতে আমি আন্তবিকভাবে দৃঃবিত।

পরিশেষে শুধু এইটুকু অনুরোধ করব যে, দেশের বর্ত্তরান ধাদ্যাবস্থার পরিপ্রেক্ষিতে চারুবাবুর এই **অতি সংগত** প্রস্তাবটা আপন্মর। মেনে নিম্বেন।

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় শীকার মহোদয়, আনার এই পুরাব সধ্বেদ্ধ কিছু বলবার ছিল না। কারণ, আনি চেরেছিলাম যে সবগুলি পুরাব আস্থক, তারপর যেটা ঠিক হবে, নেটায় সকলে মত পুকাশ করবেন। কিছ, তা করা হয়নি। গভর্ণবেণ্ট ইচছা করে, যা হেবরবাধু বলছেন subotage করেছেন, যেন গভর্ণবেণ্ট সব কিছুতেই হাসি খেলা করছেন। বাদ্যের অভাব সম্বন্ধে কোন serious argument গভর্ণবেণ্টের পক্ষ খেকে শুনিনি। তাঁরা বালি sabotage করবার চেটা করছেন এবং বর্ধন বেবলান গভর্ণবেণ্ট এই পুরাবের আলোচনা আজ পেম করতে দিবেন না, তথন আমি বু'চারটা কথা অতি সংক্ষেপে বলব।

পূথ্যে আমি নীহারেশু দত্ত মহাপায় ও আর একজন বছু বা বলেছেন তার প্রতিষাদে বলতে চাই বে খান্য গনসাসনিবে কোন রাজনৈতিক পুচার কার্য্য চালান উচিং নর; এবং তা আমরা করতে চাইও না। আজ আমরা সরজ বিষয়টি seriously তাবে আলোচনা করে পেয় করতে চেয়েছিলার, কিছ গভর্গবেণ্ট নিজের পূর্বনতা মুখে, বাল্য সমস্যা নিয়ে রাজনীতি পুচার কার্য্য চালান হচেছ বলেছেন। আমরা ভেবেছিলার বে, মোচানুটি কথার চারুবাবু যা বলেছেন তার উপর দু-চার জন বেছর বলবার পর মাননীর মন্ত্রীসহাশর উত্তর পেবেন এবং ভারণার আলোচনা পেয় হবে যাবে। কিছ, গতর্গবেণ্ট, তাঁদের রাজনৈতিক উদ্দেশ্য হালিল করবার জন্য আজকে এতথালি শৌকারকে উপথিত করেছেন। তাঁরা নিজেরা করেন অপরাধ, আর অন্যের রাড়ে পোয় চাপান, এর চেরে লজ্জার বিষয় আর কিছু হতে পারে না। আমি আবার বলছি, আমরা তাঁদের মত কোন রাজনৈতিক propaganda করতে চাই না।

একথা সত্য যে পলুনী অঞ্চলের বহু জারগায় চালের দর ২৫১ টাকা হতে বেড়ে ৮০১ টাকা পর্যন্ত হয়েছে। It is a fact. এটাও সত্য যে, যারা জনগণের সঙ্গে কাজ করেন, তাদের নিকট স্থানরনৰ অঞ্চল ও নানা স্থান বেক বহু লোক এসে তাদের দুংব দুর্জনার কথা বলে। বর্ত্তরানে হাড়োয়া, হাসনাবাদ, জয়নগর ও কেনিং অঞ্চল থেকে বহু লোক আবার কাছে এসেছিল। তাদের বিশেষ অনুরোধে আমি হাড়োয়া খানার একটা প্রাবে বিশেষ অনুরোধে আমি হাড়োয়া খানার একটা প্রাবে বিশেষ বর্ত্তরাক এবং সেখানে বে দুন্য দেখবার তা আমি জীবনে কখনও দেখিনি। ১৯৪০ সালে বখন দুর্ভিক্ষ হয়, তখন আমি রাজসাহী জেলে ছিলাম। বাইরে দুর্ভিক্ষ চলেছে আর আমরা জেলের ভিতর থেকে ভালভাবে বেরেছিলাম। কাজে কাজেই নেই ভয়বহ দুর্ভিক্ষের দুন্য দেখবার আমার স্থবার্গ হয়নি। আমি সারাজীবন্ধ শিক্ষানাল relief ও Flood relief করে কাটিরেছি, কিছু সে দিন সেখানে নিজের চক্ষে বা দেখবার ভালার প্রাবে লেগেছে। যারা আসছে, তাদের বব্যে অধিকাংশই গাঁওতান। তারা কেনি কেটে বলছে বে বাবু, জানরা সব জনি শন্য শ্যানল করে তুলেছিলাম, বেখানে বড় বড় জকল ছিল, বাবের ও সাপের ভর ছিন, তাদের সন্দে লড়াই করে সে সমন্ত জনিকে আমরা শন্য শ্যানল করে তুলেছিলাম। কিছু আজ জনিদাররা আমানের আই জনি থেকে তুলে দিরে, তাড়িরে দিরে আমানের জনি শুন্য করে দিরেছে। আমরা ভাগচামী, আমানের আজ দেউ ভরে খাওমা জোটে না। এইভাবে না থেরে থেকে তাদের প্রার ন্যবার অবছার দেখলার। আ্বার্লির বাবির প্রারা জারাটিন বাবের থাকা। আটি না । এইভাবে না থেরে থেকে তাদের প্রার ন্যবার অবছার দেখলার। আ্বার্লির প্রাবার বাবির আমানের অবছার দেখলার। আ্বার্লির অবছার দেখলার। আমানের অব

দিয়ে কথা বিক্লচিত্ৰ না তব তাদের দিলোগা করলান, তোমাদের এই অবস্থা হল কেন ? ঠিক তারা বা ৰলেছিল, আৰি তাই বলছি, যে সরকারের ব্যাপক ধান্য সংগ্রহ এবং ধাদ্য নীতির ফলে চালের দান এত বেডে গিরেছে যে ৪০—৫০১ টাক। দিলেও বাজারে পাওয়া যায় না. আর পাওয়া গেলেও তার দায় এত বেশী যে সে লানে আমরা কিনতে পারি না। ফলে শাক পাতা খেয়ে দিন কাটাতে হচেছ এবং না খেয়ে খেয়ে আমরা মরতে ৰদেছি। জ্বিনিম্ব লাছে অথচ তারা থেতে পাচেছ না, এটা আমার কাছে অত্যন্ত খারাপ লাগলো। তারা বলছে ৰে Governmentএর ব্যাপক ধান্য সংগ্ৰহ নীতির যে নিয়ম করছে যে, যার ১৫ বিষার চেয়ে বেশী ভবি খাছে, তাদের কাছ থেকে ধান্য সংপ্রহ করা হবে ; এটা শুধু কাগজে কলমেই আছে, কিন্তু ধান্য সংগ্রহ করছে, ৰাদের ১৫ বিষা কেন. কোন জমিই নাই তাদের কাছ থেকে জোর করে। এই সমস্ত কথা তার। বলেছে বে রদিদ মাত্র তার। একবার দিয়েছে, আর এমন কি বীজ ধান পর্যান্ত কেডে নিয়ে গিয়েছে। তার কলে আমাদের বেশী দাম দিয়ে বীজ ধান কিনতে হয়। আপনার। জানেন যে এই জন্য তাদের জমিগুলি ধালি পতে ছাছে। তারা বলছে যে, আমাদের কাছ থেকে এইভাবে জোর করে ধান্য সংগ্রহ করছে কিছ আনাদের মধ্যে যার। বডলোক ছিল, যাদের পাঁচন', হাজার বিহা জমি আছে, যাদের গোলায় ধান ভরা, তাদের काइ (शंदक त्मग्रनि, जात नित्नेश गामाना गामाना करत नित्यह ।

ज्यनमानाव वरलाइन य Government officers, नव वरता वह वपरवात जारह : এটা जान जान कथा। এই সমত্ত officeres লাপচর পরিমাণে ব্য বাচেছ। যারা বডলোক, যারা ব্য দিতে পারে, তাঁদের ধান তাঁর। নিচেছন না কিন্তু যার। গরীব লোক যদ দিতে পারে না, তাদের কাছ থেকে জ্বোর করে ধান কেতে নিয়ে যাচেছ। এই হল স্ত্যিকারের অবস্থা। আমি স্বচক্ষে স্ব দেখে এসেছি। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম বে. ভাই. তোমর। ১৯৪৩ সালের দভিন্দের সময় কলিকাতায় গিয়েছিলে কিন্তু এবাব যাচচ না কেন ? ভার উন্তরে তারা বলে যে. এবার কলিকাতায় আমরা যাবে। না কারণ গতবার কলিকাতায় গিয়ে লোকে না খেতে পেরে মারা গিয়াছে, Government তাদের খেতে দিতে পাবেনি। সেই জন্মই আমরা কলিকাতায় যাবে। না। (The Hon'ble Niharendu Dutt-Mazumdar : এত চেটা করেও তাদের কলিকাতার আনতে পারলেন না ? ) চেষ্টা করতে হয় না। তারা নিজেরাই আমাদের কাছে আসে। মন্ত্রীমহাশয়রা তা ভানতে পারেন দা কারণ তাদের কাছে তারা যেতে পারে না, বাডীতে sentry থাকে বলে ; আমাদেব বাডীতে তো আর sentry পাহারা থাকে না, তাই তারা আমাদের কাছেই আবে। আমাদের জনগণের সকে সম্পর্ক রাখতে হয়। জালের কাছে জিল্ঞান। করলে তারা বলে, বাবু এবারের দুভিক ১৯৪৩ নালের চেয়েও বেশী আরম্ভ হয়েছে। ১৯৪৩ সালে যখন লোকে না খেতে পেয়ে কলিকাতায় আসতে আরম্ভ করেছিল তখন পথমে তাদের সম্বন্ধ Btatosman কাগজাই লেখা আরম্ভ করে। আনরা তখন জেলে ছিলান, এবং লক্ষ্য করেছিলান যে কোন দেশী পত্রিকার এ জিনিম প্রচার করেনি। আজকে আমাদের এই দেশী Governmentও সর্ব প্রকার দত্তিককে क्टर मिए कारक । Dr. Roy गमछ कि इ स्नातन जन् जिन नगरक ता, ना ; लाटक वा त्थर प्रति ৰবছে না। কাজে কাজে এই অবস্থার আমরা রাজনীতি প্রচার করতে চাই না, Governmentএর কাছে এখন আৰাদের পুশু যে জাঁরা এই অবস্থায় কি করতে চান ? চারুবাবু যা বলেছেন, তা অতি ন্যার সঞ্চত কথা। Governmentes नागीरक जात्नज त्थरिक निरक करत। ठाक्रवावु त्य statutory rationinges कथा ৰলেছেন it is practical. কিন্তু Government তার কিছুই করছেন না। নিশাপতি বাব একটা কথা ৰলেছেন, অবশ্য এই বরের মধ্যে নয় 'লবি'তে বলছিলেন, যে চরযদুবটিতে যে সমস্ত বাস্তহারা ছিল তাদের কি ছ'ল ? আমি যখন তাঁকে এই কথা জিজাসা করলাম কি আর হবে। ডাঃ রায় কলাদী নগর করছেন। শেখানে চারশত পরিবার নিজেদের চেষ্টায় করে খাচিছল, সেখানে গভর্ণমেণ্ট সহর তৈরী করবেন বলে তাদের ডাভিরে মরুভমিতে পাঠিয়ে দিয়েছেন, সেখানে তারা না খেতে পেয়ে মরছেন। গভর্ণমেণ্ট কেন্দ্রীর সরকারের কাছ থেকে কোটি কোটি টাক। পাচেছন, তা দিয়ে তাঁর। সহর তৈরী করছেন, অথচ দেশে লোক না খেতে পেরে মরছে। আপে তাদের খেতে দেবার ব্যবস্থা করে, তারপর ঘর, বাড়ী, সহর, রাস্তাঘাটের ব্যবস্থা করা উচিং। এইগুলি নিশাপতি ৰাঝি ৰহাশন খব যক্তি শংগত ভাবে বলেছেন। ডা: রায় যে ১২ কোটি টাকা পাচেছন তা দিয়ে যদি দু একটা কাপড়ের কল তৈরী করেন, তাহলে সেখানে বহু লোক কাজ করে নিজের সব ঠিক করে त्नरव । তা, सः करत গভर्ণरम° । नव होका त्राख्या वाहे, यत वाही निर्मान कार्र्या वाह्य करत स्क्लाइन । এ**थन** ৰা বলতে যাচিছ্লাম Governmentএর এই বে bad procurement policy এই জিনিঘ নিয়ে অনেক আলোচনা করেছি ও বহু statementও দিয়েছি। এই statementএর facts and figures may be correct or may be incorrect সে সময়ে পত্পবৈশ্চ অন্ততঃ একটা ≱ত পুনান করুল। গতপ্নেপ্টের যে সময় statements কলিকাতার সময় খবরের কাগজে বেরিরেছে বা তাঁর যে বজুজা Radioco দিয়েছেন তার মধ্যে আমার পুশের উত্তর পাইনি। গুরু গালাগালি করলেই উত্তর দেওরা হয় না। প্রাবে ধানচালের অভাব নেই, চাকা দিনেই তা পাওুয়া যায়।

একখা ঠিক যে গ্রামে গ্রামে এখনো চাল ধান আছে, ধনিকদের গোলায় এখনো ধান পাওয়া যায়। দাব দিলে গ্রামে ধান পাওয়া যায়। কিন্তু জিনিমের দাম বেড়েছে, এবং কেন বেড়েছে তা **জাগেই বলেছি।** গভর্ণমেণ্ট officersদের সঙ্গে ব্যবস্থা করে ধনীরাই এটা করছেন, এবং তার ফলেই আজ artificial inflation হয়েছে। এখন গভৰ্ণমেণ্ট কি করে, এটা tackle করবেন ? আমি বলেছি যে গভর্ণমেণ্ট এটা ঠিক করতে পারবে না সে Government must go. গভর্ণমেণ্ট লোককে খেতে দিতে পারে না তার এক মিনিটও গদিতে থাকার অধিকার নাই। আমি বলব যার। পারবে তারাই থাক। যে ছেতু ৩০।৪০ টাকা দিয়ে লোকে চাল কিনতে পারে না, এবং যে হেতু হাজার হাজাব লোক না খেয়ে মরছে সেই জন্য Governmentএর উচিত statutoryএব ব্যবস্থা করা। কোথা থেকে ধান চাল আসবে—বা কোথা থেকে টাকা আসবে—that is not our look out. বেহার দুভিক্ষের সমুখীন হয়ে যেখান থেকে পেবেছে চাল এনেছে। তাঁরা স্বীকার করেছিলেন যে হাঁ আমাদের দুভিক্ষের অবস্থা। বেহারের মন্ত্রীরা চেঁচামিচি করেছিলেন, এবং অবস্থাটা ছাপান নাই, লুকান নাই। আর আমাদের গভর্ণমেণ্ট বলছেন—না, আমাদের কিছু হয় নাই। বেহারের গভর্ণবেশ্ট পুকৃত অবস্থা উদ্বাটন করে কেন্দ্রীয় গভণমেণ্টের সাহায্য আদায় করে দুভিক্ষকে ঠেকিয়েছেন, আর আবাদের গভৰ্ণমেণ্ট নিজেৱা চেপে যাচেছন, কিন্তু জামরা যখন সে বিদয়ে দু একটা কথা বলি তখন বলেন, তৌৰত্বা मिथा। propaganda कत्रक्। ना त्थरम लांक मज़रल, तम कथा यपि तक्छे छेरानुध करत-- छाँबा वरण वरणम ''না খেয়ে কেউ মরেনি, তোমরা মিধ্যা কথা বলছ।'' এইভাবে সৰ জিনিমটাকে ধামা চাপা দিচেছুন। **আমলা** তা মানব না, যতক্ষন আমর। এখানে আছি ততক্ষন আমরা প্রতিবাদ করবই।

তাই চারুবাবুর পুস্তাবটা খুবঁই সমীচিন। এবং আমরা বিশাস করি যে এটা করা যায় যদি কোন plan থাকে। এখনো যদি corrupt officeদুগুদের সরিয়ে দিয়ে যাদের হাতে ধান আছে তাদের কাছ থেকে ধান ৪০াহে করা হয় এবং যাদের নেই তাদের দেয়া হয় তাহলেও একটা ব্যবস্থা হয়। আপনারা ধনীদের মন্ত্রী, ধনিকদের দিকেই তাকিয়ে থাকেন শুধু তা না তাকিয়ে যদি জনগণের দিকে তাকান তাহলেই এটা করতে পারেন। কিছু তা আপনারা পারবেন না। একবার দেখুন না—এবার Assemblyর জন্য দিয়েছেন কাদের? বে মনোভাবে কিয়ে এই nomination দিয়েছেন সেই মনোভাবের ফলেই গরীবদের আপনারা মারছেন। Problem is not at all difficult আপনারা যে পারছেন না তাত দেখতেই পাচিছ। আপনাদের শাসনের ফলে হাজার লোক না খেয়ে মরছে আমাদের চোখের সামনে, তা দেখতে চান দেখিয়ে দিতে পারি। একবার আমাদের সঙ্গে চনুন বেশী দূরে নয়, (A voice : কোথায় কত দূরে?) বেশী দূরে নয়, ৩০া৪০ মাইলের মধ্যে, যদি আমার সঙ্গে যান তবে আমি দেখাতে পারি বাত্তবিকই এণ্ডলি সত্য, পূর্ণ সত্য।

আপনার। যে পারছেন না এটা অকণ্টা সত্য। স্থতরাং চারুবাদুর যে দাবী সেটা absolutely right. ধগেনবাবু যেতে পারেন, অনুদা মওল মহাশয়ও যেতে পারেন, দেখুলে সে অনুসারে কান্ধ করতে আপনারা বাধ্য।

মাননীয় নিহাবেলু দত মকুমদার বলেছেন যে আমরা কোন constructive suggestion দিই নাই। কিছু আমি বলছি আমরা বহু constructive suggestion দিয়েছি। কে না জানে যে সুল্মবন is the granary of Calcutta কিছু সুল্মবনে দুভিক্ষ কেন হয়। যদি বাঁধ ভেকে যায় এবং সমুদ্রের নোনা জল স্থানকার বাঠে চোকে। ১৯৫০ সালে যে লোনা জলে স্থালবন ভেসে গিরেছিল, তার পারে দুভিক্ষ-এর solution easy. একবার ভানেছিলান, গভর্ণবেণ্ট স্থালবনের জমিদারী নিজের হাতে নেবেন এবং বাঁধ বাঁধবেন। কিছু এই জমিদার প্রধান গভর্ণবেণ্ট জমিদারী নিবেন কি করে? কিছু আমি এটা বার বার বলছি বাংলার বাদ্যাভাব যদি দুর করতে চান তাহলে abolish the Zamindary system at least at Sundarbans. হেমন্তবাবুও বলেছেন যে লোক জলে যতই ভেসে যায় ততই দুর্গত হয়। স্বভরাং চাক্ষবাবুর প্রতাব অত্যন্ত সঞ্চত। অনুরোধ করছি সরকার এটাকে বেনে নিরে কার্যকরী কঞ্চন।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: আজকে অনেকণ ধরে আবাদের চারুবাবুর প্রভাবের উপর কক্তা হচেত্, উভর পক্ষেই অনেকে অনেক কথা বলেছেন, অনেক উপলেপ দিরেছেন,

ভাৰুবাৰুর কে প্ৰভাৰ তা বাদেও অবান্তর কথা অনেক হয়েছে এই পরিষদ পৃছে। আনি ছিদেব করে দেখেছি' ভাৰুবাৰুর পুন্তাৰ অনুবারী বেখানে বেখানে ২৫১ টাকার উপর চালের দর সেই সেইখানে যদি modified বা statutory rations দিতে হয়, চাকুবাৰু বলেছেন full ration দিতে, ভাহতে চাল বা গৰই দিন পুতি মানে এক লক ১২ হালার টনের দরকার। যাদের বরে বান নাই তথু তাদের কবাই আনি বলছি। চাকুবাৰু ভারতাবেই বুঝতে পারেন, যে এই অক্টোবর ও নভেবর বাসে পুনার চাবীর বরেই বান বাকে না, আর বাপলেও কত লোকের কাছে কতটা আছে পুত্তাক লোকের বাড়ী যেয়ে ওজন করে বকরে যাচাই করা চলে না। আর সেক্তের শস্য কাকে দেয়া হবে কাকে দেয়া হবে না ঠিক করা সন্ধ্রব নয়। আমরা যদি এই নীতি পুহণ করি বে পুত্তাক লোকের কাছ থেকে তার total production নিয়ে নেব, তার যা কিছু উৎপাদন সব নিয়ে নেব, এবং সকলকে স্বানভাবে ভাগ করে দেব, সেটা অক্টোবর বা নভেবর বাসে হতে পারে না। চাকুবাবুর যা পুত্তাব তা আমরা আংশিকভাবে চালু করেছি—অবস্থা বিবেচনা করে।

